ই-মেইল/বাহক মারফত
নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-০২

তারিখঃ ২৩ পৌষ ১৪২৬ / ০৭ জানুয়ারি ২০২০

**বিষয়ঃ জাতীয় সংসদের নির্বাচনি এলাকা ২৮৫ চট্টগ্রাম-৮ এর শূন্য পদে, ০১টি উপজেলা পরিষদ ও ০১টি পৌরসভার সাধারণ নির্বাচন এবং ০৩টি পৌরসভা ও ০৭টি ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে আইন-শৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।**

সূত্র : (১) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৩২, তারিখ: ০১ ডিসেম্বর ২০১৯
(২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৪৪১, তারিখ: ০১ ডিসেম্বর ২০১৯
(৩) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৬.১৯-৪৪৪, তারিখ: ০১ ডিসেম্বর ২০১৯
(৪) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০২.১৬(অংশ-১)-৪৭২, তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৯
(৫) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৯-৪৫২, তারিখ: ০২ ডিসেম্বর ২০১৯
(৬) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯(অংশ-২)-৪৬৩, তারিখ: ১০ ডিসেম্বর ২০১৯
(৭) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.১৯-৭৩৭, তারিখ: ০২ ডিসেম্বর ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, **১৩ জানুয়ারি ২০২০ তারিখে** জাতীয় সংসদের নির্বাচনি এলাকা ২৮৫ চট্টগ্রাম-৮ এর শূন্য পদে, ০১টি উপজেলা পরিষদ ও ০১টি পৌরসভার সাধারণ নির্বাচন এবং ০৩টি পৌরসভা ও ০৭টি ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লিখিত নির্বাচন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি আইন-শৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালকের নেতৃত্বে উক্ত সেলে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:

১. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. পুলিশ হেডকোয়াটার্সের পুলিশ সুপার/অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপি/ কোস্টগার্ড এর মেজর/ উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার/সহকারি পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০২। নির্বাচন কমিশন সচিবালয়ের মনিটরিং সেল (কক্ষ নং-৪১৭) ৫ম তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-এ স্থাপিত উল্লিখিত সেল-এর কার্যক্রম হবে ১৩ জানুয়ারি ২০২০ তারিখ। সেলের কর্মপরিধি নিম্নরূপ:

(ক) নির্বাচনের দিন আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;
(খ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইন-শৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;
(গ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে অবহিতকরণ;
(ঘ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;
(ঙ) ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান।

০৩। উল্লিখিত সেল যেন কার্যকর হয় এবং কমিশনকে যেন সময়ে সময়ে পরিস্থিতি অবহিত রাখা হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৪। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের জন্য একজন করে কর্মকর্তা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৭/১/২০২০
(মাহফুজা আক্তার)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫

১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩। মহাপরিচালক, বিজিবি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপি/কোস্ট গার্ড/জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-০২

তারিখঃ ২৩ পৌষ ১৪২৬ / ০৭ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব/সচিব ....................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
২. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ..............................(সংশ্লিষ্ট)
৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৬. জেলা প্রশাসক, .....................................(সংশ্লিষ্ট)
৭. পুলিশ সুপার, ........................................(সংশ্লিষ্ট)
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................(সংশ্লিষ্ট)
১০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. জেলা নির্বাচন অফিসার, .......................................(সংশ্লিষ্ট)
১৩. উপজেলা নির্বাহী অফিসার, ....................................(সংশ্লিষ্ট)
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, .......................(সংশ্লিষ্ট)
১৫. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৬. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..............................................................., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সহকারী সচিব (সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণের জন্য)
২০. উপজেলা নির্বাচন কর্মকর্তা, .......................................(সংশ্লিষ্ট)
২১. অফিসার ইন চার্জ, .........................(সংশ্লিষ্ট) থানা।

07/01/2020

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোনঃ ০২-৫৫০০৭৫৫৯